

💵 নামাযের দো'আ ও যিক্র

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয়ঃ রুকু হতে উঠার দো'আ রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ আব্দুর রব্ব আফফান

রুকু হতে উঠার দো'আ কি কি?

(সোজা হয়ে দাঁড়ানো অবস্থায়)

«ربنا ولك الحمد»

উচ্চারণ: রব্বানা ওয়ালাকাল হামদ

«ربنا لك الحمد»

অথবাঃ রব্বানা লাকাল হামদু

«اللهم ربنا لك الحمد»

অথবাঃ রব্বানা লাকাল হামদু

উল্লেখিত সবগুলিই বুখারী-মুসলিমে বর্ণিত হয়েছে।

তবে একেকবার একেকটি পড়বে, যদিও উত্তম হলো নিম্নরূপে বলাঃ

«ربنا ولك الحمد حمدا كثيرا طيبا مباركا فيه ملء السماوات وملء الأرض وملء بينهما وملء ما شئت من شيء بعد أهل الثناء والمجد أحق ما قال العبد وكلنا لك عبد لا مانع لما أعطيت ولا معطي لما منعت ولا ينفع ذا الجد منك الجد» (رواه مسلم)

উচ্চারণ: রব্বানা ওয়া লাকাল হামদু হামদান কাসীরান ত্বইয়িবান মুবারাকান ফীহি, মিলয়াস সামাওয়াতি ওয়া মিলয়ালারদি ওয়া মিলয়া মা বায়নাহুমা ওয়া মিলয়া মা-শি'তা মিন শাইয়িন বা'দু, আহলাস সানায়ি ওয়াল মাজদি—আহাক্কু মাকলাল আবদু ওয়া কুল্লুনা লাকা আবদুন, লা মা-নি'য়া লিমা আ'ত্বাইতা ওয়ালা মু'ত্বিয়া লিমা মানা'তা ওয়ালা ইয়ানফা'উ যাল জাদ্দি মিনকাল জাদু। (মুসলিম)

অর্থ: হে আল্লাহ্! তোমারই জন্য সর্ববিধ উত্তম ও বরকতপূর্ণ প্রশংসা যা আকাশসমূহ, পৃথিবী ও উভয়ের মধ্যে যত কিছু রয়েছে সব কিছু পরিপূর্ণ, এগুলি ছাড়াও তুমি যত চাও সমস্ত পরিপূর্ণ প্রশংসা, তুমি সকল স্তুতি ও মর্যাদার অধিকারী। তোমার বান্দা যে প্রশংসা করে তার চেয়ে তুমি অধিক প্রাপ্য, আমরা প্রত্যেকেই তোমার বান্দা, তুমি যা দান কর তা বন্ধ করার কেউ নেই। আর তুমি যা বন্ধ রাখ তা দানকারী কেউ নেই। কোনো সম্মানিত ব্যক্তি সম্মান কাজে আসবে না তোমার নিকট থেকেই প্রকৃত সম্মান। (মুসলিম)

Source — https://www.hadithbd.com/books/link/?id=1393



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন